



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়



ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২১৬৪

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

নোটিস

এতদ্বারা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের এইচ. এস. সি./সমমান ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের মধ্যে যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এক্সেল ছকটি গত ১৪/০৬/২০২০ তারিখে পূরণ করে জমাপ্রদান করেনি। তাদেরকে আগামী-২০/০৭/২০২০ তারিখের মধ্যে উক্ত এক্সেল ছকটি বোর্ড বৃত্তির ক্রমিক নং সহ তথ্য পূরণ করে ই-মেইলে প্রেরণ করতে হবে। এছাড়া ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে বৃত্তি প্রাপ্ত হয়েছে তাদেরকে ও নিজ নামে ব্যাংক একাউন্ট খুলে ব্যাংক একাউন্টের তথ্যসহ সংশ্লিষ্ট এক্সেল ছক পূরণ করে আগামী-২০/০৭/২০২০ তারিখের মধ্যে academicsection30@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে। একই সাথে ২০১৯ সালের বৃত্তিপ্রাপ্তদেরকে বৃত্তিপ্রাপ্ত মর্মে সংশ্লিষ্ট কলেজের প্রত্যাযন ও বোর্ডের বৃত্তিপ্রাপ্ত তালিকায় সংশ্লিষ্ট পৃষ্ঠারকপি স্ক্যান করে academicsection30@gmail.com ই-মেইলে অথবা সরাসরি রেজিস্ট্রার দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রদানে ব্যর্থ হলে ২০১৯-২০ অর্থ বছরের বৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনিশ্চয়তা সৃষ্টি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২১৬৪

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়
- ৪। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৬। সংশ্লিষ্ট নথি।
- ৭। মহানথি।